দৈনিক ইনকিলাব

তারিখ 23 DEC 1992
পৃষ্ঠা 2 কলাম 1

60

### ছাত্র সংসদ নির্বাচনে ছাত্র লীগের ১৯ ছাত্র দলের ৭টি পদ লাভ

# অপ্রীতিকর ঘটনায় বরিশাল বি এম কলেজ বন্ধ ঘোষণা

*।। বরিশাল ব্যুরো ।।*

বরিশাল বিএম বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্র সংসদ নির্বাচনে মুজিববাদী ছাত্র লীগ ভিপি, জিএস, এজিএসসহ ১৯টি পদে জয়লাভ করেছে বলে নির্বাচন কমিশন সূত্রে বলা হয়েছে। ছাত্র দল পেয়েছে ৭টি পদ। এদিকে নির্বাচনপরবর্তী অপ্রীতিকর ঘটনায় গতকালই কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করে। বিকেল ৫টার মধ্যে সকল ছাত্রকে হোস্টেল ত্যাগ করতে বলা হয়। সমগ্র ক্যাম্পাসে এখনো কড়া পুলিশ প্রহরা মোতায়েন আছে। পরিস্থিতি থমথমে। নির্বাচনের দিন রাত সাড়ে ১১টার দিকে কলেজ প্রিন্সিপালের কক্ষ ও টিচার্স কাউন্সিলে কতিপয় উচ্ছৃংখল ছাত্ররা হামলা চালিয়ে ভাঙচুর করে। পরে গভীর রাতে ফলাফল ঘোষণার সময় কতিপয় ছাত্র ক্ষিপ্ত হয়ে কলেজ প্রিন্সিপাল মোঃ হানিফের ওপর হামলা চালায়, এ সময় কয়েকজন অধ্যাপকও আহত হন।

পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ কয়েকবার লাঠিচার্জ করলে অন্ততঃ ২০ জন আহত হয়। গতকাল সকালে কলেজ কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করেছেন। বিকেল ৫টার মধ্যে সকল ছাত্রকে

শেষ পৃঃ ৪-এর কঃ দেখুন

## বি এম কলেজ

প্রথম পৃষ্ঠার পর

হোস্টেল ত্যাগ করতে বলা হলে তারা চলে যায়। ছাত্র দল শহরের বিভিন্ন সড়ক ও ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করে এই নির্বাচনের ফলাফলকে বয়কট করেছে। তারা অবিলম্বে বাকসু'র পুনঃ নির্বাচনও দাবী করেছে।

গত সোমবারের এই নির্বাচনে বাকসু'র ভিপি পদে ছাত্র লীগের মেজবাহ উদ্দিন জুয়েল, জিএস পদে ছাত্র লীগের বলরাম পোদ্দার বাবলু, এজিএস পদে ছাত্র লীগের মোঃ মতিউল ইসলাম বিজয়ী হয়েছেন। এই নির্বাচনে ছাত্র লীগ এছাড়াও সাহিত্য সম্পাদক, সহ-সাহিত্য সম্পাদক, নাট্য ও সাংস্কৃতিক সম্পাদক, সহ-নাট্য ও সাংস্কৃতিক সম্পাদক, ক্রীড়া সম্পাদক, সহ-ম্যাগাজিন সম্পাদক, সমাজসেবা সম্পাদক, ছাত্র মিলনায়তন সম্পাদক, ছাত্রী মিলনায়তন সম্পাদিকা, সহ-পরিবহন সম্পাদক ও ৫টি সদস্য পদে জয়লাভ করে। পক্ষান্তরে ছাত্র দল সহ-ক্রীড়া সম্পাদক, ম্যাগাজিন সম্পাদক, সহ-সমাজসেবা সম্পাদক, সহ-ছাত্র মিলনায়তন সম্পাদক, পরিবহন সম্পাদক ও ২টি সদস্য পদে জয়লাভ করেছে।

এদিকে গতকাল সন্ধ্যায় ছাত্র দল ও ছাত্র লীগ বরিশাল প্রেসক্লাবে পৃথক দুইটি সাংবাদিক সম্মেলনে একে অপরকে দোষারোপ করেছে। ছাত্র দল কলেজ কর্তৃপক্ষের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ এনে পুনরায় ভোট গণনার দাবী জানিয়েছে। তারা কলেজে সন্ত্রাসী কর্মকাণ্ডের সাথে তাদের কোন নেতা ও কর্মীর জড়িত থাকার কথা অস্বীকার করেন। এদিকে ছাত্র লীগও গতরাতে প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে ছাত্র দলের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ এনে কলেজ ক্যাম্পাস ও হোস্টেলে সন্ত্রাসী কর্মকাণ্ড পরিচালনার অভিযোগ আনে। ছাত্র লীগের বিজয় দেখে সরকারী দল উন্মত্ত হয়ে ওঠে বলেও তারা অভিযোগ করেন। ছাত্র লীগ নেতৃবৃন্দ তাদের বিজয়ী করার জন্য সকল ছাত্র-ছাত্রীকে অভিনন্দন জানান।

গভীর রাতে কলেজ সূত্রের উদ্ধৃতি দিয়ে বরিশাল ব্যুরো জানায়, তদন্ত সাপেক্ষে জিএস পদে ফলাফল ঘোষণা স্থগিত রাখা হয়েছে।